ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৫৪ ● কলকাতা ● ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩২ ● রবিবার ● ০৮ জুন ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## কোর্টকে অবমাননা করায় শনিবার কুনালের হাতে পৌঁছালো নটিশ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**কলকাতা:**-আগামী ১৬ জুন বেলা সাড়ে ১২টায় কুণাল ঘোষকে হাইকোর্টে সশরীরে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। হাই কোর্টের তিন সদস্যের বিশেষ বেঞ্চের সামনে হাজির হতে হবে তৃণমূল নেতাকে। নোটিশে বলা হয়েছে, আদালতের অনুমতি ছাড়া তিনি আদালত থেকে বেরোতে পারবেন না। সূত্রের খবর, আইন অনুযায়ী দোষী সাব্যস্ত হলে তাঁকে হাই কোর্ট থেকে সরাসরি জেলে যেতে হবে কুণালকে। তবে

এরপর ৩ পৃষ্ঠায়

# বিজেপির নতুন জাতীয় সভাপতির দৌড়ে কারা এগিয়ে?

## আলোচনা তুঙ্গে, মধ্য জুনেই শুরু হতে পারে আনুষ্ঠানিক প্রক্রিয়া




স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

**দিল্লী :-** দল এখনও আনুষ্ঠানিক ঘোষণা না করলেও, বিজেপির জাতীয় সভাপতির নির্বাচন নিয়ে জোর চর্চা শুরু হয়েছে গেরুয়া শিবিরের অন্দরে। সূত্রের খবর, মধ্য জুন থেকেই শুরু হতে পারে আনুষ্ঠানিক প্রক্রিয়া। ইতিমধ্যে দেশের অধিকাংশ রাজ্যে সাংগঠনিক নির্বাচন সম্পন্ন হয়েছে, যা দলীয় সংবিধান অনুযায়ী জাতীয় সভাপতির নির্বাচন করতে গেলে অপরিহার্য।

উত্তরপ্রদেশে ৭০ জেলার সভাপতির নাম ঘোষণার পর থেকেই জল্পনা আরও জোরাল হয়েছে। যদিও এপ্রিল মাসে জম্মু-কাশ্মীরের পাহেলগামে জঙ্গি হামলার কারণে প্রক্রিয়া সাময়িকভাবে স্থগিত ছিল।

জাতীয় স্তরের আগে রাজ্য ইউনিটগুলিতেও বড় রদবদলের সম্ভাবনা। সূত্রের খবর, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ এবং উত্তরাখণ্ড—এই তিন রাজ্যে শীঘ্রই নতুন রাজ্য সভাপতি নিয়োগের পরিকল্পনা করছে বিজেপি।

এরপর ৩ পাতায়




# হিমালয়ের ঋষি মুনিদের দ্বারা অনুপ্রাণিত সমর্পণ ধ্যান



২০০২ সালে পরম পূজ্য
শ্রী শিবকৃপানন্দ স্বামীজীর দিব্য আভামন্ডল

আমাদের প্রত্যেকের স্থূল শরীরকে ঘিরে যে বায়োফোটন বা তড়িৎ চুম্বকীয় তরঙ্গ বর্তমান তাকে আমরা খালি চোখে দেখতে পাই না ঠিকই। কিন্তু তাই বলে আমরা তার অস্তিত্বকে অস্বীকার করতে পারি না। বর্তমান বিজ্ঞানের অগ্রগতির যুগে খুব সহজেই এই তরঙ্গের উপস্থিতি প্রমাণ করা যায়। কির্লিয়েন ফটোগ্রাফি বা পি আই পি স্ক্যানার বা বায়োফিল্ড ভিউয়ারের মাধ্যমে আমরা যে কোন জীবিত ব্যক্তির চারিদিকে এই তরঙ্গের অস্তিত্ব দেখতে পাই, ছবি তুলতে পারি, যাকে আমরা অরা (aura)বা আভামন্ডল বলে জানি।

## আভামন্ডল ও বিজ্ঞান

এই আভা মন্ডল যেমন একজনের শারীরিক সুস্থতার অবস্থা সম্পর্কে জানায় ঠিক তেমনি তার আধ্যাত্মিক স্থিতিরও পরিমাপ করে। যেমন, উদাহরণ হিসেবে বলা যায় *পরম পূজ্য শ্রী শিবকৃপানন্দ স্বামীজী একবিংশ শতাব্দীর এক অন্যতম সন্ত। ইংল্যান্ডে ফটো ক্লিনিকে নেওয়া তাঁর আভামন্ডলের বিস্তারিত বিবরণে তাঁর সর্বোচ্চ আধ্যাত্মিক স্থিতি স্পষ্টভাবে দেখা যাচ্ছে। এই চিত্রে সদ্‌গুরু শ্রী শিবকৃপানন্দজী কে ঘিরে যে সাদা ও হালকা বেগুনি রংয়ের আলোর বিস্তার দেখা যাচ্ছে তা তাঁর এক উচ্চ আধ্যাত্মিক স্থিতির দ্যোতক।* ওঁনার আভামন্ডলের এই ফটো দেখে সেখানকার ফটোগ্রাফার অত্যন্ত অবাক হয়ে *স্বামীজীকে প্রশ্ন করেন "এটা কি করে সম্ভব যে আপনি এখনও জীবিত রয়েছেন?" পরমপূজ্য স্বামীজী তাকে বোঝান এই ফটো তাঁর ভৌতিক তথা শরীরভাব শূন্যতাকে দর্শায়।* সেই ফটোগ্রাফার ভীষণ অবাক হন, কোনো প্রকার শরীরভাব থেকে মুক্ত কোন ব্যক্তি জীবিত কি করে থাকতে পারেন! তিনি তার এতদিনের অভিজ্ঞতার ভিত্তিতে ঘোষণা করেন যে *"বাস্তবে এটি একজন দৈবী আধ্যাত্মিক গুরুর অত্যন্ত দুষ্প্রাপ্য, একমাত্র ও অসাধারণ আভামন্ডল।"* আপনারা নিজেরাও এই ফটোগ্রাফের ছবির দেখতে পাচ্ছেন। *এই ছবিতে যেখানে বাঁদিকের বেগুনি আলো ব্রহ্মাণ্ড থেকে উর্জা বা শক্তি গ্রহণ করাকে দেখাচ্ছে, তেমনি ডান দিকের সাদা আলো-কমলা আলো ওঁর আভা মন্ডলের সীমার ভিতর আগত সমস্ত ব্যক্তিদের হিলিং উর্জা প্রদান (সুস্থতা প্রদান) করার ক্ষমতা দর্শায়। ( উৎস : " এক সন্ত কা আভামণ্ডল") ।*



২০১৬ সালে পরম পূজ্য শ্রী শিবকৃপানন্দ স্বামীজীর দিব্য আভামন্ডল

প্রায় দশ বৎসর আগে স্বামীজির আভা মন্ডলের আর একটা ফটোতে দেখা যাচ্ছিল এক সুন্দর সোনালী বর্ণের অরা। এই সোনালী অরাও আধ্যাত্মিক স্তরের বিবর্তনের আর একটা স্তর, এটিও অত্যন্ত বিকশিত এক আধ্যাত্মিক ব্যক্তিত্বের সংকেত দেয়, কিন্তু তার সাথেই শরীরভাব এবং শারীরিক অস্তিত্ব তখনও তাঁর বর্তমান থাকে।

*দশ বছরে তাঁর আভামণ্ডলের এই বিকাশ প্রমাণ করে যে সমাজে থেকেও ধ্যান সাধনার মাধ্যমে যে কোনো মানুষ তাঁর আধ্যাত্মিক স্থিতির উন্নতি করতে সক্ষম।*

যারা আরও জানতে ইচ্ছুক তাদের জন্য লিংক।

ক্রমশঃ

AURA PHOTO CLINIC
www.auraphotoclinic.com*
*email:-
info@auraphotoclinic.com 65
LondonWall,Room57 EC2M 5TU*

# আউসপাল গ্রামে দেওরের গলা কেটে খুন করলো বৌদি ও তার দুই ছেলে, গ্রেফতার ২

**অরূপ ঘোষ,ঝাড়গ্রাম**

ঝাড়গ্রাম থানার চন্দ্রী গ্রাম পঞ্চায়েতের আউসপাল গ্রামে জমি বিবাদের জেরে দেওর বাহাদুর হেমব্রম কে খুন করলো বৌদি গুরুবারি হেমব্রম ও তার দুই ছেলে মনোজ ও সুরোজ হেমব্রম।বাস্তু জমি সংক্রান্ত বিবাদের জেরে শুক্রবার রাত্রে দেওয়ের গলা কেটে খুন করলো জ্যাঠতুত বৌদি ও তার দুই ছেলে। রাতে মৃতের মা আওয়াজ শুনে বাইরে বেরিয়ে দেখে জ্যাঠতুত বৌদি আর তার দুই ছেলে মৃত বাহাদুর হেমব্রম কে মুখ বন্ধ করে টানতে টানতে জঙ্গলের দিকে নিয়ে যাচ্ছে। খারাপ কিছু সন্দেহ করে সে তার বাকি ছেলেদের ডাকতে ঘরে আসে। সবাই ঘটনা স্থলে যখন পৌছায় ততক্ষনে বাহাদুর এর গলা কেটে দিয়েছে বৌদি আর তার দুই ছেলে। দেহে একাধিক




আঘাতের চিহ্ন রয়েছে। এরপরেই পুলিশ কে খবর দিলে বৌদি গুরুবারি হেমব্রম ও তার এক ছেলে সুরোজ হেমব্রম কে খুনের ঘটনায় অস্ত্র সহ গ্রেপ্তার করে ঝাড়গ্রাম থানার পুলিশ। তবে এক ছেলে মনোজ হেমব্রম পলাতক। তার খোঁজে পুলিশ তল্লাশী শুরু করেছে। পরিবার সূত্রে খবর জমি সংক্রান্ত বিষয় এর জেরেই দীর্ঘদিন ধরে বিবাদ ছিলো দুই পরিবারের। তবে সেটার এরকম করুন পরিনতি হবে তা কেউ বুঝতে পারেনি। তাই খুনের ঘটনায় অভিযুক্তদের চরম শাস্তির দাবি করছে মৃত ব্যক্তির পরিবারের সদস্যরা। শনিবার মৃতদেহ ময়নাতদন্ত হয় ঝাড়গ্রাম জেলা হাসপাতালের মর্গে।খবর জানাজানি হতে এলাকায় শোকের ছায়া নেমে আসে। পাশাপাশি পুরো ঘটনার তদন্ত শুরু করেছে ঝাড়গ্রাম থানার পুলিশ।






(১ম পাতার পর)

# বিজেপির নতুন জাতীয় সভাপতির দৌড়ে কারা এগিয়ে? আলোচনা তুঙ্গে, মধ্য জুনেই শুরু হতে পারে আনুষ্ঠানিক প্রক্রিয়া

উত্তরপ্রদেশে আগে ব্রাহ্মণ মুখ ভাবা হলেও এখন ওবিসি মুখের পক্ষে জোরালো দাবি উঠছে। ভোটের সাম্প্রতিক প্রবণতা অনুযায়ী, ওবিসি ভোটব্যাঙ্ক আরও মজবুত করার কৌশল নিচ্ছে বিজেপি।

মধ্যপ্রদেশে বর্তমানে ওবিসি মুখ্যমন্ত্রী ও ব্রাহ্মণ রাজ্য সভাপতি রয়েছেন। এবার একটি আদিবাসী মুখকে রাজ্য সভাপতি করার ভাবনা চলছে, কারণ জাতীয় ও রাজ্য স্তরের নেতৃত্বে আদিবাসী প্রতিনিধিত্ব তুলনামূলকভাবে কম।

উত্তরাখণ্ডে ব্রাহ্মণ নেতা-ই রাজ্য সভাপতি পদে এগিয়ে আছেন বলে শোনা যাচ্ছে, যদিও এখনো আনুষ্ঠানিক ঘোষণা হয়নি।

জাতীয় সভাপতির দৌড়ে শীর্ষ তিন

অন্দরের খবর অনুযায়ী, জাতীয় সভাপতির দৌড়ে তিনজন শীর্ষ নেতার নাম ঘুরছে।

ধর্মেন্দ্র প্রধান: ওড়িশার এই ওবিসি নেতা সংগঠনিক দক্ষতার জন্য পরিচিত। কেন্দ্রীয় নেতৃত্বের অত্যন্ত ঘনিষ্ঠ।

শিবরাজ সিং চৌহান: মধ্যপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী, বর্তমানে কেন্দ্রীয় মন্ত্রী। তৃণমূল স্তরের সঙ্গে গভীর যোগাযোগ এবং জনপ্রিয় মুখ।

মনোহরলাল খট্টর: সদ্য হরিয়ানার মুখ্যমন্ত্রীর পদ ছেড়ে কেন্দ্রীয় মন্ত্রিসভায় যোগ দিয়েছেন। প্রশাসনিক অভিজ্ঞতা এবং ধারাবাহিকতার প্রতীক।

দলের সূত্রের মতে, অভিজ্ঞতা, আঞ্চলিক ভারসাম্য এবং জাতিগত সমীকরণ—এই তিনটি বিষয় মাথায় রেখেই চূড়ান্ত নাম ঠিক করা হবে।

বর্তমান সভাপতি জে পি নাড্ডা ২০২০ সালের জানুয়ারি থেকে পদে রয়েছেন। তাঁর মেয়াদ ২০২৪ লোকসভা নির্বাচনের জন্য বাড়ানো হয়েছিল। সেই নির্বাচন শেষ, এবার নেতৃত্বে পরিবর্তন আসা সময়ের দাবি।

নির্বাচনী প্রক্রিয়া তদারকি করতে একটি কেন্দ্রীয় নির্বাচন কমিটি গঠন করা হবে। নাম মনোনয়ন, যাচাই ও প্রয়োজন হলে ভোটাভুটি হবে।

এখনও নিশ্চিত নয় নাড্ডা দ্বিতীয় পূর্ণ মেয়াদের জন্য লড়বেন কিনা, নাকি দল নতুন মুখ তুলে ধরবে।

এদিকে কংগ্রেস ও আপ-সহ বিরোধী শিবির বিজেপির এই অভ্যন্তরীণ পালাবদলের দিকে কড়া নজর রাখছে। কারণ আগামী ২০২৬-র গুরুত্বপূর্ণ রাজ্য নির্বাচন এবং ২০২৯-র লোকসভা নির্বাচনে বিজেপির প্রচার-কে কীভাবে নতুন সভাপতি রূপ দেবে, সেটাই বড় প্রশ্ন।

মধ্য জুনে শুরু হতে পারে জাতীয় সভাপতির নির্বাচন।

ধর্মেন্দ্র প্রধান, শিবরাজ চৌহান, মনোহরলাল খট্টর শীর্ষ প্রতিযোগী।

প্রথমে রাজ্য স্তরে বড়সড় রদবদলের পরিকল্পনা।

বিরোধীরা গোটা প্রক্রিয়ার দিকে নজর রেখে চলেছে।

(১ম পাতার পর)

# কোর্টকে অবমাননা করায় শনিবার কুনালের হাতে পৌঁছালো নটিশ

শুধু কুণাল ঘোষ নয়, এই মামলায় যেহেতু কোনও অভিযুক্তই জবাবি হলফনামা দেননি, তাই হাই কোর্ট সকলেরই বিরুদ্ধে রুল জারি করছে। এবার সেই জারি করা রুল নোটিশ পেলেন কুণাল ঘোষ। চাকরিপ্রার্থীদের আদালত চত্বরে এক বিতর্কিত বিক্ষোভকে কেন্দ্র করে আদালত অবমাননার মামলা হয় কুণাল ঘোষের বিরুদ্ধে। প্রধান বিচারপতি এই মামলার জন্য তিন বিচারপতির একটি বিশেষ বেঞ্চ গঠন করেছেন। কুণাল ঘোষের আইনজীবী বিশ্বরূপ ভট্টাচার্য ও অয়ন চক্রবর্তীর দাবি, বিতর্কিত বিক্ষোভের ঘটনার দিন কুণাল ঘটনাস্থলেই ছিলেন না। তাঁরা বলেন, "আমাদের হলফনামা প্রস্তুত। আমরা এখনই জমা দিতে পারি। কিন্তু যেহেতু আদালতের নির্দেশে ঘটনা নিয়ে পুলিশ রিপোর্ট জমা পড়েছে এবং আগের দিন রাতে আমরা তার কপি পেয়েছি, তাই তার উল্লেখ আমাদের হলফনামায় থাকা দরকার। সেই কারণেই আমার মক্কেল কুণাল ঘোষের হলফনামা জমা পড়েনি।

# ৩৫৬ একর জমি বিএসএফকে দিতে হবে জানালেন নবান্ন

**বেবি চক্রবর্ত্তী : কলকাতা**

সীমান্তে কাঁটাতার লাগাতে এখনও পর্যন্ত ৬৮০ একর জমি কেনার টাকা দিয়েছে কেন্দ্র সরকার। তারমধ্যে ৩২৪ একর জমি পেয়েছে বিএসএফ। কিন্তু, বাকি ৩৬৫ একর জমি নিয়ে দেখা দিয়েছে জটিলতা। শুরু হয় কেন্দ্র-রাজ্য টানাপোড়েন। অবশেষে সেই জমি বিএসএফের হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত নিল নবান্ন।

প্রসঙ্গত, গত রবিবারই কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিবের সঙ্গে বৈঠক হয় নবান্নের কর্তাদের। তাতেই জট কেটেছে বলে মত ওয়াকিবহাল মহলের। সূত্রের খবর, ইতিমধ্যেই সীমান্তবর্তী জেলা যেমন মালদহ, মুর্শিদাবাদ, উত্তর ২৪ পরগনা, কোচবিহারের জেলাশাসকদের কাছেও জমি হস্তান্তরের বিষয়ে সুস্পষ্ট নির্দেশিকা চলে গিয়েছে। তাঁদের বলা হয়েছে যে জমি বিএসএফের প্রয়োজন সেগুলি যেন দ্রুত জমির মালিকদের কাছ থেকে কিনে নেওয়া হয়। তারপরই তা তুলে দিতে হবে সীমান্ত রক্ষী বাহিনীকে।

# বখরিদে ত্যাগ ও ভ্রাতৃত্বের বার্তা, দেশজুড়ে পালিত মুসলিমদের পবিত্র ঈদ-উল-আজহা

**বেবি চক্রবর্ত্তী**

শনিবার সারা দেশে সাড়ম্বরে পালিত হচ্ছে মুসলিম সম্প্রদায়ের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব ঈদ-উল-আজহা, যা সাধারণভাবে বখরিদ নামেও পরিচিত। ত্যাগ, আত্মত্যাগ ও ভ্রাতৃত্বের এই উৎসব ধর্মীয় ভাবগাম্ভীর্য ও সামাজিক সৌহার্দ্য ছড়িয়ে দেয় প্রতিটি মুসলিম পরিবারে।

ঈদ-উল-আজহার মূল তাৎপর্য নিহিত আছে ইসলামের মহানবী ইব্রাহিম (আ.)-এর আত্মত্যাগের মহত্তম কাহিনিতে। বলা হয়, আল্লাহর আদেশ পালনে প্রিয় পুত্র ইসমাইল (আ.)-কে কুরবানির জন্য প্রস্তুত হন ইব্রাহিম (আ.)। তার এই নিঃস্বার্থ আস্থার প্রতিদান স্বরূপ আল্লাহ একটি পশু পাঠিয়ে দেন কুরবানির জন্য। সেই ঐতিহ্যকে স্মরণ করেই প্রতি বছর এই দিনে পশু কুরবানি করে মুসলিমরা ঈদ-উল-আজহা উদযাপন করেন।

অনুষ্ঠানের রীতি ও পালন

দিনটি শুরু হয় পবিত্র ঈদের নামাজের মাধ্যমে। ভোরের পর থেকেই মুসলিম সম্প্রদায়ের মানুষ নতুন পোশাক পরে মসজিদ, ঈদগাহ ময়দান বা খোলা স্থানে একত্রিত হয়ে ঈদের বিশেষ জামাত আদায় করেন। নামাজ শেষে মুসল্লিরা একে অপরের সঙ্গে কোলাকুলি ও শুভেচ্ছা বিনিময় করেন।

এরপর আসে কুরবানির পালা। যারা সামর্থ্যবান, তারা গরু, ছাগল, ভেড়া কিংবা উট কুরবানি দেন। এই কুরবানিকৃত মাংস তিনভাগে ভাগ করে—

এক ভাগ নিজ পরিবারের জন্য,

এক ভাগ আত্মীয়-পরিজনের জন্য,

এক ভাগ দরিদ্র ও অভাবীদের মধ্যে বিতরণ করা হয়।

এভাবেই এই উৎসবের মূল বার্তা

এরপর ৬ পাতায়

# সম্পাদকীয়

## পরিবেশবান্ধব উদ্যোগে আরও এক ধাপ এগোল দুর্গাপুর স্টিল প্ল্যান্ট – সিন্টার বেডে কোক ওভেন গ্যাস ইনজেকশন সিস্টেম চালু

পরিবেশ দিবসে দেশের সুস্থায়ী ইস্পাত উৎপাদনের যাত্রাপথে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক ছুঁলো স্টীল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড-এর দুর্গাপুর স্টিল প্ল্যান্ট (ডিএসপি)। সিন্টার প্ল্যান্ট-২-এর সিন্টার বেডে 'কোক ওভেন গ্যাস ইনজেকশন সিস্টেম'-এর শুভ উদ্বোধন করেন ডঃ কে. রামকৃষ্ণ, নির্বাহী পরিচালক (কার্যনির্বাহ)। উপস্থিত ছিলেন শ্রী পি. মুরুগেশন (নির্বাহী পরিচালক, প্রকল্প), শ্রীমতি সুস্মিতা রায় (নির্বাহী পরিচালক, মানবসম্পদ), শ্রী মোহিত মালপানি (নির্বাহী পরিচালক, অর্থ ও হিসাব) এবং মান নিয়ন্ত্রণ, আরএমএইচপি, ব্লাস্ট ফার্নেস, এসএমএস, মিলস ও আরডিসিআইএস বিভাগের অন্যান্য উচ্চপদস্থ আধিকারিক ও কর্মীরা।

কোক তৈরির প্রক্রিয়ার উপজাত কোক ওভেন গ্যাস মিথেন, কার্বন মনোক্সাইড, হাইড্রোজেন ও কার্বন ডাই-অক্সাইড সমৃদ্ধ এক শক্তিশালী তাপশক্তির উৎস। কার্বন নিঃসরণ হ্রাসের লক্ষ্যে সেইল/আরডিসিআইএস-এর সহযোগিতায় ডিএসপি সরাসরি সিন্টার বেডে কোক ওভেন গ্যাস প্রবাহিত করার প্রযুক্তি সফলভাবে পরিকল্পনা ও বাস্তবায়ন করেছে। এই ব্যবস্থার ফলে প্রতি টন গ্রস সিন্টারে প্রায় ৩.৫ কেজি কোক ব্রিজ কম লাগবে এবং এতে আনুমানিক ১১ কেজি কার্বন ডাই-অক্সাইড নির্গমন কম হবে।

এর আগে দেশে প্রথম সিন্টার তৈরির প্রক্রিয়ায় কোক ব্রিজের আংশিক বিকল্প হিসাবে বাঁশ-ভিত্তিক বায়োচার ব্যবহারে সফল পরীক্ষা করে ডিএসপি। এবার কোক ওভেন গ্যাস ইনজেকশনের সংযোজন ডিএসপি-র বহুমুখী ডিকার্বনাইজেশন কৌশলকে আরও মজবুত করল।

দুর্গাপুর স্টিল প্ল্যান্ট দেশের ও বিশ্বের পরিবেশগত লক্ষ্য পূরণের দিকে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে এবং পরিবেশবান্ধব ইস্পাত উৎপাদনে তার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(একচল্লিশতম পর্ব)



আমরাও যেন তা হয়।তোমাকে নমষ্কার। লক্ষীদেবীর প্রনাম মন্ত্র -- ওঁ বিশ্বরূপস্য ভার্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে সর্বতঃ পাহি মাং দেবী মহালক্ষী নমোহস্তুতে।। সরলার্থ--- হে দেবী কল্যাণী বিশ্বরূপ শ্রী বিষ্ণুর স্ত্রী তুমি পদ্মা ও পদ্মার আলোয় সকলকে শুভ ফল দাও তুমি আমাকে সকল ক্ষেত্রে রক্ষা করো আমি তোমাকে প্রণাম করি।আজ বৃহস্পতিবার সাপ্তাহিক লক্ষ্মী আরাধনার দিন। পাঠ করুন মা লক্ষ্মীর ১০৮ নাম। এই নাম উচ্চারনে দারিদ্রতা নিবারণ হয়।১) প্রকৃতি ,২) বিক্রুতি , ৩) বিদ্যা , ৪) সর্বভূতহিতপ্রদা, ৫) শ্রদ্ধা , ৬) বিভূতি, ৭) সুরভি, ৮)

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# নতুন রাস্তার ভগ্ন দশা ক্ষোভে ফুসছেন গ্রামবাসীরা, নিম্নমানের কাজের অভিযোগ



পার্থ ঝা, মানিকচক

কয়েক মাসের ব্যবধানে ভগ্ন দশা নতুন রাস্তার। ক্ষোভে ফুঁসছেন এলাকাবাসী। মালদার মানিকচক ভুতনি দক্ষিণ চন্ডিপুর গ্রাম পঞ্চায়েতের দু'লক্ষ টাকার ব্যয়ে তৈরি ৫৩ মিটার রাস্তার বেহাল অবস্থা। ভুতনির সনাতন টোলা রাসমেলা এলাকায় গেলেই দেখা মিলবে এই ভগ্নদশার। গ্রাম পঞ্চায়েত প্রধানকে এ প্রসঙ্গে জিজ্ঞেস করা হলে সরাসরি সাফাই দেন পাশে নাকি পুকুর রয়েছে, সেই পুকুরের জন্যই ও ভারী বৃষ্টিপাতের জন্যই রাস্তার এই অবস্থা। নিম্নমানের কাজের অভিযোগ আনলে তিনি সাফ জানিয়ে দেন কাজে কোন নিম্নমানের সামগ্রী ব্যবহার করা হয়নি কিন্তু উল্টোদিকে স্থানীয়দের অভিযোগ নিম্নমানের সামগ্রী দিয়ে এ কাজ করার ফলেই রাস্তার এই অবস্থা। তিন ইঞ্চির বদলে কোথাও দুই ইঞ্চি আড়াই ইঞ্চি ঢালাই করে ছেড়ে দেওয়া হয়েছে রাস্তা। স্থানীয়রা আরো অভিযোগ করেন এলাকায় নিম্নমানের কাজ না করলে দু মাসের মাথায় কি করে নতুন রাস্তার এরূপ ভগ্ন দশা হয়। প্রশাসনের দৃষ্টি আকর্ষণের আবেদন জানিয়েছেন এলাকাবাসী

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

দ্বিতীয় তান্ত্রিক মন্দিরটি ধ্বংসপ্রাপ্ত হয়েছিল মুসলমান আক্রমণের সময়। আসামের অন্যান্য দেবীদের মতো দেবী কামাখ্যার পূজাতেও আর্য ও অনার্য সংস্কৃতির মিশ্রণ দেখা যায়।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ইলামবাজার জঙ্গলে দুষ্কৃতিদের হামলার মুখে কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতির পুত্রবধূ

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



দুষ্কৃতিদের হামলার মুখে কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতির পুত্রবধূ। অস্ত্র নিয়ে প্রাণে মেরে ফেলার হুমকি কলকাতা হাইকোর্টের আইনজীবী অনন্য কান্তি রায় সরস্বতীকে। বীরভূমের ইলামবাজার জঙ্গলের কাছে ঘটনাটি ঘটেছে। ইলামবাজার ও শান্তিনিকেতন দুই থানাতে অভিযোগ দায়ের।বাড়ি থেকে বেরোতে ভয় পাচ্ছি। বীরভূম জেলা পুলিশ গুরুত্ব সহকারে ঘটনার তদন্ত করছে।জানা গেছে ,ইলামবাজারের জঙ্গলে নয় শুধু ওই আইনজীবী স্বামী-স্ত্রীকে তারা গরমের ছুটিতে শান্তিনিকেতনে ছুটি কাটাতে যে বাড়িতে এসে উঠেছেন সেখানেও এসে হুমকি দিচ্ছে কিছু দুষ্কৃতী। পুলিশ সমস্ত অভিযোগ গুলি খতিয়ে দেখছে।ওই আইনজীবী পরিবার তাদের পুলিশি নিরাপত্তা দেওয়া হোক বলে দাবি জানিয়েছেন।তদন্তে পুলিশ, আতঙ্কিত শান্তিনিকেতনে বসবাসকারী আইনজীবী পরিবার। শান্তিনিকেতনের উত্তরপল্লীর বাসিন্দা কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতির পুত্রবধূ হাইকোর্টের আইনজীবী শ্রেয়া রায় সরস্বতী। গত বুধবার বীরভূমের ইলামবাজার থানার বনাঞ্চল এরিয়ায় দুষ্কৃতিদের খপ্পরে পড়ে। আইনজীবী দম্পতিকে দুষ্কৃতীরা অস্ত্র দেখিয়ে হুমকি দেয়। বলে, হাইকোর্টের একটি মামলা থেকে সরে দাঁড়াতে।

এই ঘটনায় রীতিমত ভীত সন্ত্রস্ত, আতঙ্কিত কলকাতা হাইকোর্টের আইনজীবী দম্পতি। ইতিমধ্যেই ইলামবাজার থানা ও শান্তিনিকেতন থানায় দারস্ত হয়েছেন। কলকাতা হাইকোর্টের আইনজীবী অনন্য কান্তি রায় সরকার জানান, ইলামবাজার থানার জঙ্গল এরিয়ায় কয়েকজন দুষ্কৃতী তাঁদের ঘিরে ধরেন। তারপর অস্ত্র নিয়ে প্রাণে মেরে ফেলার হুমকি দেন। দুষ্কৃতীরা বলে, স্পেসিফিক এমন মামলা থেকে সরে দাঁড়ান। না হলে প্রাণে মেরে ফেলা হবে। আমরা রীতিমতো আতঙ্কিত। পুলিশের দ্বারস্থ হয়েছি।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




## দিঘার জগন্নাথ মন্দিরের প্রসাদ হিসাবে যা দেওয়া হবে, তা স্থানীয় দোকানের পেড়া - শুভেন্দু



বেবি চক্রবর্ত্তী: কলকাতা

২০২৬ নির্বাচনের আগে দিঘার জগন্নাথ মন্দির এখন একদম হট কেক। বাংলার প্রতিটা বাড়িতে রথের আগেই পৌঁছে যাবে জগন্নাথ মন্দিরের প্রসাদ - এমনই দাবি করেছেন মুখ্যমন্ত্রী। আর এই 'প্রসাদ' শব্দতেই আপত্তি শুভেন্দুর। রথের আগেই ঘরে ঘরে দিঘার জগন্নাথ মন্দিরের প্রসাদ পৌঁছে দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে। বাক্সে থাকবে পেড়া, গজা ও মন্দিরের ছবি। আগামী ১৭ জুন থেকে কীভাবে ওই প্রসাদ পৌঁছে দেওয়া হবে, কাদের মাধ্যমে পৌঁছে দেওয়া হবে, সে সব বলে দেওয়া হয়েছে। এলাকার ভাল মিষ্টির দোকানের তালিকাও চাওয়া হয়েছে এসডিও ও বিডিও-দের। আর সেখানেই আপত্তি শুভেন্দু অধিকারীর।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী শুক্রবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে সেই প্রসাদের সমালোচনা করেন। মন্দিরের প্রসাদ হিসেবে কেন পাড়ার দোকানের মিষ্টি দেওয়া হবে, তা নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি। তাঁর কথায়, এ ক্ষেত্রে হিন্দুদের আস্থায় আঘাত করা হয়েছে। সাধারণ মানুষের উদ্দেশে শুভেন্দু বলেন, "এগুলি মিষ্টি হিসেবে গ্রহণ করবেন, প্রসাদ হিসেবে গ্রহণ করবেন না।" 'এটা আসলে প্রসাদ নয়', বলেই মন্তব্য করেন তিনি। খাদ্য দফতরের প্রকল্প 'দুয়ারে রেশন'-এর মাধ্যমেই এই প্রসাদের বাক্সগুলি ঘরে ঘরে পৌঁছে দেওয়ার কথা বলা হয়েছে। এ ব্যাপারে সব বন্দোবস্ত করতে হবে বিডিও-দের।উল্লেখ্য, ওই প্যাকেটে কী থাকবে, সেটা ঠিক করে দেওয়া হয়েছে নবান্নের তরফে। দুধ খোয়া ক্ষীর, চিনি, এলাচের মতো সামগ্রী দিয়ে তৈরি হবে পেড়া। সেটা হবে ৪.৮ সেন্টিমিটার মোটা এবং ওজন হবে ২০ গ্রাম। ৬০ গ্রামের গজা হবে খয়েরি রঙের।

# বাংলাদেশের আন্দোলনে লাঠি উঁচিয়ে যোগ দেওয়া নিউটন কাকদ্বীপেরও ভোটার

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

দক্ষিণ ২৪ পরগনা: তিনি যোগ দিয়েছিলেন বাংলাদেশের গণঅভ্যুত্থানে। লাঠি উঁচিয়ে নেমেছিলেন রাস্তায়। সেই আন্দোলনকারীর নামই এবার দেখা গেল এপার বাংলার ভোটার তালিকায়। কলম দাগিয়ে অভিযোগ তুলল বিজেপি। এই যত কাণ্ড ঘটেছে বাংলার কাকদ্বীপে। আর যাকে নিয়ে উত্তেজনা তার নাম নিউটন দাস।কিন্তু এখানে কে কীভাবে ওকে ভোটার করা হয়েছে তা আমি জানি না। অনেক বন্ধু-বান্ধবদের সঙ্গে চলাফেরা করত।' এই প্রসঙ্গে কাকদ্বীপের বিজেপি শিবিরের অভিযোগ, শাসক-ঘনিষ্ঠতাকে হাতিয়ার করেই নিউটন ভারতের নাগরিকত্ব পেয়েছে। অন্যদিকে, নাম জড়ানো তৃণমূল ছাত্র পরিষদের নেতা দেবাশিষ দাস



এই প্রসঙ্গে বিশেষ কিছু মন্তব্য না করলেও, তার দাবি, নিউটন ছোট থেকে তার সঙ্গে পড়াশোনা করেছে। ওরা এক সঙ্গেই বড় হয়েছে।তিনি কাকদ্বীপের স্বামী বিবেকানন্দ গ্রাম পঞ্চায়েতের দাসপাড়ার বাসিন্দা। এপার বাংলায় সর্বপ্রথম পা দিয়েছিলেন নিউটনের দাদা তপন দাস। ২০১১ সালে বাংলায় এসে পরবর্তী ভোটার তালিকায় নিজের নাম তোলে সে।পরবর্তীকালে দাদার পিছু পিছু বাংলায় ঢুকে পড়েন নিউটন, এমনটাই অভিযোগ। কাকদ্বীপেরই নামখানা এলাকার একটি স্কুলে পড়াশোনা করেছে সে।

সম্প্রতি সেই নিউটনের ছবি আবার ভাইরাল হল সমাজমাধ্যমে। সেই ছবিতে দেখা গেল, বাংলাদেশের জুলাই আন্দোলনে সামিল হয়েছিলেন নিউটন। তবে কি পড়াশোনা শেষ করেই আবার নিজ দেশে চলে গিয়েছে সে? ছবি কিছুটা সেই ইঙ্গিত দিলেও, ভোটার তালিকা দিচ্ছে না। কারণ, নিউটনের নাম উঠেছে চলতি বছরের ভোটার তালিকাতেও। এমনকি, সুন্দরবনের সংগঠনিক জেলার তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি দেবাশিষ দাসের সঙ্গেও নানা ক্ষেত্রে দেখা গিয়েছে এই 'বাংলাদেশি' নিউটনকে।

সমাজমাধ্যমে ভাইরাল হওয়া একটি ছবিতে দেখা গিয়েছে নিউটনের জন্মদিন পালন করছেন সেই শাসকদলের ছাত্র পরিষদের নেতা। বাঁদিকে নিউটন, ডানদিকে তৃণমূল নেতা দেবাশিষ দাস[/caption] নিউটনের দাদা তপন দাস জানিয়েছে, 'চার বছর হল যোগাযোগ নেই। ও এখানে থাকে না। এই বাংলায় পড়াশোনা করতে এসেছিল, তারপর আবার বাংলাদেশে চলে যায়। ও বাংলাদেশেরই ভোটার।

(৩ পাতার পর)

# বখরিদে ত্যাগ ও ভ্রাতৃত্বের বার্তা, দেশজুড়ে পালিত মুসলিমদের পবিত্র ঈদ-উল-আজহা

— ভাগাভাগির আনন্দ ও মানবতার সেবা — সমাজের সর্বস্তরে ছড়িয়ে পড়ে।

বখরিদের দিন বিভিন্ন প্রকার মাংসের পদ যেমন কাবাব, বিরিয়ানি, নেহারি, কোরমা প্রভৃতি প্রস্তুত করা হয়। পরিবারের সবাই একসঙ্গে বসে খাওয়া-দাওয়ার আনন্দ ভাগ করে নেন। বন্ধু, আত্মীয়স্বজন এবং প্রতিবেশীদের আমন্ত্রণ জানানো হয় মধ্যাহ্নভোজ বা নৈশভোজে।

বখরিদের অন্যতম বড় বার্তা হল সম্প্রীতি ও সহনশীলতা। এই দিনে অনেক অমুসলিম প্রতিবেশীও শুভেচ্ছা জানাতে মুসলিম বন্ধুদের বাড়িতে আসেন। বিভিন্ন স্থানে স্থানীয় প্রশাসনও আইনশৃঙ্খলা রক্ষার পাশাপাশি শান্তিপূর্ণ ও সুন্দর পরিবেশ বজায় রাখতে সচেষ্ট থাকে।

চলতি বছরে বিভিন্ন মসজিদের ইমাম ও ধর্মীয় নেতারা খুতবা বা ভাষণে ত্যাগের প্রকৃত অর্থ বোঝানোর পাশাপাশি সমাজে দারিদ্র্য বিমোচন, মানবকল্যাণ এবং শান্তি প্রতিষ্ঠার বার্তা দিয়েছেন।

একটি দিন, যা শুধুই আনন্দের নয় — বরং শিক্ষা দেয় কিভাবে আত্মত্যাগ, সহমর্মিতা এবং মানবিক মূল্যবোধ দিয়ে সমাজকে আরও সুন্দর করে তোলা যায়। এই বার্তা নিয়েই সমগ্র দেশে আজ উদযাপিত হচ্ছে ঈদ-উল-আজহা বা বখরিদ।

# উচ্চ তাপমাত্রার ঝুঁকি মোকাবিলায় শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে অতি সক্রিয় দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছে ভারত : ডঃ পি কে মিশ্র

নতুন দিল্লি, ৭ জুন ২০২৫

প্রধানমন্ত্রীর প্রধান সচিব ডঃ পি কে মিশ্র তাপমাত্রা বৃদ্ধিকে এক আন্তর্জাতিক সঙ্কট হিসেবে চিহ্নিত করেছেন এবং জরুরি ভিত্তিতে বিষয়টির মোকাবিলার আর্জি জানিয়েছেন। জেনিভায় গতকাল অত্যুচ্চ তাপের ঝুঁকি সংক্রান্ত এক বিশেষ অধিবেশনে তিনি বলেন, ক্রমবর্ধমান তাপমাত্রা জনস্বাস্থ্য, আর্থিক স্থায়িত্ব এবং পরিবেশগত ভারসাম্য রক্ষার ক্ষেত্রে বিপদ হয়ে দাঁড়িয়েছে। এই প্রসঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বের ভূমিকার কথা উল্লেখ করে তিনি বলেন, চরম তাপের মোকাবিলায় ভারত অতি সক্রিয় দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছে।

তিনি বলেন, জোরদার নজরদারি ব্যবস্থা, হাসপাতালগুলিতে প্রস্তুতি এবং সচেতনতামূলক প্রচারের ফলে তাপপ্রবাহ সংক্রান্ত মৃত্যু উল্লেখযোগ্যভাবে কমানো সম্ভব হয়েছে। প্রধান সচিব বলেন, তাপপ্রবাহ-প্রবণ ২৩টি রাজ্যের ২৫০টির বেশি শহর ও জেলায় বিশেষ কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

ডঃ মিশ্র বলেন, স্বাস্থ্য, কৃষি, নগরোন্নয়ন, শ্রম, বিদ্যুৎ, জল, শিক্ষা এবং পরিকাঠামো মন্ত্রককে যুক্ত করে সরকার সামগ্রিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছে। এক্ষেত্রে ভারতের গৃহীত দীর্ঘমেয়াদী পরিকল্পনার কথাও উল্লেখ করেন তিনি। ডঃ মিশ্র আরও বলেন, তাপপ্রবাহ কোন নির্দিষ্ট ভৌগোলিক সীমারেখার মধ্যে আবদ্ধ নয়, তাই এক্ষেত্রে আন্তর্জাতিক স্তরে প্রযুক্তিগত সহায়তা, তথ্য বিনিময় এবং যৌথ গবেষণার প্রয়োজন রয়েছে।

# সিনেমার খবর

## দীপিকাকে বাদ দেওয়ার কারণ খোলাসা করলেন নির্মাতা

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



অনেকে যখন প্রহর গুনছেন, 'স্পিরিট' সিনেমা থেকে দীপিকা পাড়ুকোনের নতুনরূপে আবিষ্কারের, ঠিক তখনই এসেছে দুঃসংবাদ। আলোচিত এই সিনেমা থেকে বাদ দেওয়া হয়েছে দীপিকাকে! এ খবর শুনে হতাশ অনেকে। কেন এই বলিউড তারকাকে সিনেমা থেকে বাদ দেওয়া হলো?

এ প্রশ্ন নিয়ে চলছে নানা জল্পনা-কল্পনা। নেটিজেনদের কেউ আবার বিষয়টি নিয়ে দুষছেন পরিচালক সন্দীপ রেড্ডি বঙ্গাকে। আর তা নজরে পড়তেই, দীপিকাকে বাদ দেওয়ার কারণ খোলাসা করেছেন নির্মাতা।

ভারতীয় সংবাদমাধ্যম এ সময় অনলাইনে জানিয়েছে, 'স্পিরিট' সিনেমায় অভিনয়ের জন্য দীপিকা যেসব শর্ত জুড়ে দিয়েছেন, তা মেনে নেওয়া সম্ভব নয়। তাই দীপিকাকে নিয়ে কাজ করার ইচ্ছা থাকলে, শেষমেষ সেই ইচ্ছাকে জলাঞ্জলি দিতে হয়েছে। বাধ্য হয়ে অন্য কোনো অভিনেত্রীকে নিয়ে কাজ করার কথা ভাবতে হয়েছে। এই সময় অনলাইন আরও জানিয়েছে, পরোক্ষভাবে সোশ্যাল মিডিয়ায় দীপিকাকে 'ডার্টি গেম' খেলার অভিযোগে বিদ্ধ করেছেন সন্দীপ।

এক্সের একটি পোস্টে সন্দীপ লিখেছেন, 'নন-ডিসক্লোজার এগ্রিমেন্ট লঙ্ঘন করেছেন তিনি।' দীপিকার 'ফেমিনিজম'কেও প্রশ্ন করেছেন বঙ্গা।

এদিকে কিছুদিন আগে শোনা গিয়েছিল, মাতৃত্বকালীন ছুটি কাটিয়ে সন্দীপের আগামী ছবি 'স্পিরিট'-এর হাত ধরেই কামব্যাক করবেন দীপিকা। ছবির চিত্রনাট্য পছন্দও হয়েছিল অভিনেত্রীর। কিন্তু পরবর্তী সময়ে কিছু শর্ত চাপিয়ে ছিলেন তিনি। যেমন- হিন্দি ছাড়া অন্য কোনো ভাষায় সংলাপ বলবেন না। পারিশ্রমিক ছাড়াও সিনেমার লভ্যাংশের ভাগ দিতে হবে তাঁকে। দিনে ৮ ঘণ্টার বেশি কাজ করবেন না। অভিনেত্রীর এসব শর্ত পরিচালকের সিদ্ধান্ত বদলের বিষয়ে ভূমিকা রেখেছে।

নায়িকা বদলে ফেলে এক্স হ্যান্ডলে সন্দীপ লিখেছেন, 'অবশেষে স্পিরিট-এর নায়িকা চূড়ান্ত হলো'। অবশ্য তাঁর পোস্টে নায়িকার নাম উল্লেখ করেননি। কিন্তু হালের আলোচিত তারকা তৃপ্তি সেই পোস্ট শেয়ার করায়, আসল ঘটনা অনেকে বুঝে ফেলেছেন। বিষয়টি আরও স্পষ্ট হয়েছে, তৃপ্তি যখন সন্দীপকে ট্যাগ করে লিখেছেন, 'আমাকে এই জার্নিতে ভরসা এবং বিশ্বাস করার জন্য ধন্যবাদ। আমি কৃতজ্ঞ এই ছবির অংশ হতে পেরে।'

উল্লেখ্য, সন্দীপের পরিচালনায় 'অ্যানিম্যাল' সিনোময় অভিনয় করে দর্শক হৃদয়ে ঝড় তুলেছিলেন তৃপ্তি। যার সুবাদে তৃপ্তি শুরু থেকেই ছিলেন পরিচালকের সুনজরে। 'স্পিরিট'-এ দীপিকার বাদ পড়ায় তা আবারও প্রমাণ হলো।

## লিভার ক্যানসারে আক্রান্ত দীপিকা কক্কর

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



কয়েকদিন আগেই খবরে এসেছিল গুরুতর অসুস্থ ভারতের টেলি ধারাবাহিকের জনপ্রিয় অভিনেত্রী দীপিকা কক্কর। তবে সেই সময় তার শারীরিক অবস্থা নিয়ে বিস্তারিত জানাননি তার স্বামী শোয়েব ইব্রাহিম। এবার নিজের অসুস্থতা নিয়ে নিজেই মুখ খুললেন দীপিকা। সোশাল মিডিয়ায় জানালেন, লিভার ক্যানসারে আক্রান্ত তিনি।

দীপিকা জানিয়েছেন, তার লিভারের বাঁ দিকে একটি টিউমার ধরা পড়েছে। যেখানে বাসা বেঁধেছে মারণরোগ ক্যানসার। চিকিৎসকরা এই টিউমারের দ্রুত অস্ত্রোপচার করতে বলেছেন। দীপিকা এও জানিয়েছেন, তার এই ক্যানসার সেকেন্ড স্টেজে রয়েছে।

দীপিকা তার সোশ্যাল মিডিয়ায় লেখেন, গত কয়েক সপ্তাহ ধরে আমরা খুবই কঠিন সময়ের মধ্যে দিয়ে যাচ্ছি। পেটের ব্যথার জন্য হাসপাতালে যেতে হচ্ছে বারবার। জানতে পারলাম, আমার লিভারে টিউমার হয়েছে, যা কিনা ম্যালিগন্যান্ট।

তিনি বলেন, এই সময়টা সত্যিই কঠিন। ছোট্ট সন্তান রয়েছে আমার। আমার পুরো পরিবার আমার পাশে রয়েছে। আশা করি সব ঠিক হয়ে যাবে। আপনারা প্রার্থনা করুন আমার সুস্থতার জন্য।

## 'অর্ধাঙ্গিনী'-এর সিক্যুয়েলেও জয়া-চূর্ণী, নতুন মুখ ইন্দ্রাশিস



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বছর দুয়েক আগে টলিউডে মুক্তি পেয়েছিল জয়া আহসান অভিনীত 'অর্ধাঙ্গিনী'। মুক্তির পর কৌশিক গাঙ্গুলি পরিচালিত ছবিটি দর্শকের কাছে ভূয়সী প্রশংসা কুড়িয়ে নেয়। সিনেমাটির গল্প যেখানে শেষ হয়েছিল, সেখানে সিক্যুয়েলের সম্ভাবনাও ছিল। এরপর থেকেই মূলত দর্শকের অপেক্ষা। এবার সেই অপেক্ষা ফুরাতে চলেছে। অর্ধাঙ্গিনী'র সিক্যুয়েল নির্মাণের ঘোষণা দিলেন নির্মাতা।

এবার শিরোনাম 'আজও অর্ধাঙ্গিনী'। মুখ্য চরিত্রে চূর্ণী গঙ্গোপাধ্যায়, জয়া আহসান, কৌশিক সেন থাকছেন। নতুন চরিত্র হিসাবে যোগ দিচ্ছেন ইন্দ্রাশিস রায়। সব ঠিক থাকলে ১৫-১৬ জুন নাগাদ সিনেমাটির শুটিং শুরু হবে। বিষয়টি সামাজিকমাধ্যমে নিশ্চিত করেছেন বাংলাদেশি অভিনেত্রী জয়া আহসানও। সিনেমাটির লুক টেস্টের জন্য সম্প্রতি কলকাতায় গিয়েছিলেন তিনি। এরই মধ্যে প্রকাশ্যে এসেছে তাঁর লুকও।

ভারতীয় গণমাধ্যমে জয়া আহসান বলেন, "ভীষণ পরিণত একটা গল্প ছিল 'অর্ধাঙ্গিনী'। তার সিক্যুয়েলের অংশ হতে পারাটা বেশ আনন্দের। আগের ছবিটা দর্শক আপন করে নিয়েছিলেন। এবার তাদের সেই প্রত্যাশার চেয়ে বাড়তি কিছু ফিরিয়ে দেওয়াই আমাদের চ্যালেঞ্জ।"

পরিচালক কৌশিক কি প্রথম ছবির সময়েই দ্বিতীয় কিস্তির ভাবনা ভেবেছিলেন-এমন প্রশ্নে তিনি বলেন, "পরিচালকরা সবসময়ই পরের অংশ ভেবে রাখেন। একটা গল্প কত দূর যেতে পারে, এটা মাথার মধ্যে থাকে। 'অর্ধাঙ্গিনী' সফল না হলে হয়তো সেই ভাবনা বাস্তবে রূপ পেত না। প্রথমটি সফল হওয়ার পরই দ্বিতীয় ছবিটি করার কথা ঠিক করি। তবে অন্তত দু'বছরের একটা বিরতি দরকার ছিল।" দর্শকের ভালবাসার মর্যাদা রাখতে পারার বিষয়টি উঠে এল চূর্ণীর কথাতেও, 'একটা সফল ছবির পরের অংশ সব সময়েই কঠিন। সকলের প্রত্যাশা বেড়ে গিয়েছে।"

এদিকে, জয়া আহসান বর্তমানে তাঁর আসন্ন ঈদুল আজহার সিনেমা 'তাণ্ডব' নিয়ে ব্যস্ত সময় পার করছেন। সম্প্রতি কলকাতায় সিনেমাটির ডাবিং করেছেন। এ ছাড়া তাঁর 'ডিয়ার মা' ছবির পোস্ট প্রোডাকশন চলছে।

# ফুটবল খেলার ইচ্ছাই হারিয়ে ফেলেছিলাম: অ্যান্টোনি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**




ম্যানচেস্টার ইউনাইটেডে সময়টা একেবারেই ভালো কাটেনি ব্রাজিলিয়ান উইঙ্গার অ্যান্টোনির। নিজের পারফরম্যান্সে যেমন খুশি ছিলেন না, তেমনি মানসিকভাবে ভেঙে পড়েছিলেন তিনি। পরিস্থিতি এতটাই খারাপ হয়েছিল যে, না খেয়ে দিন কাটিয়েছেন, এমনকি নিজেকে ঘরে বন্দি করে রাখতেন বলেও জানিয়েছেন এই ফুটবলার।

২০২২ সালে ডাচ ক্লাব আয়াক্স ছেড়ে ১০০ মিলিয়ন ইউরো ট্রান্সফার ফিতে ইংলিশ ক্লাব ম্যানচেস্টার ইউনাইটেডে যোগ দেন অ্যান্টোনি। শুরুতে তাকে নিয়ে প্রত্যাশা ছিল তুঙ্গে, কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে ছন্দ হারিয়ে সমালোচনার মুখে পড়েন তিনি। শেষ পর্যন্ত ২০২৫ সালের জানুয়ারিতে ধারে যোগ দেন স্প্যানিশ ক্লাব রিয়াল বেতিসে।

বেতিসে যোগ দেওয়ার পর যেন নতুন করে জীবন ফিরে পেয়েছেন অ্যান্টোনি। ২৫ বছর বয়সি এই ফরোয়ার্ড এখন পর্যন্ত বেতিসের হয়ে ২৫ ম্যাচে ৯টি গোল করেছেন এবং ৫টি অ্যাসিস্ট করেছেন। তার দারুণ পারফরম্যান্সের সুবাদে ক্লাবটি প্রথমবারের মতো উয়েফা কনফারেন্স লিগের ফাইনালে উঠেছে।

ফাইনালের আগে টিএনটি স্পোর্টস ব্রাজিলকে দেওয়া এক সাক্ষাৎকারে অতীতের দুঃসময়ের কথা বলতে গিয়ে কান্নায় ভেঙে পড়েন অ্যান্টোনি। তিনি বলেন, "বেতিসে এসে সবকিছু বদলে গেছে। নিজেকে খুঁজে পাওয়ার প্রয়োজন ছিল। ইউনাইটেডে কিছুই হচ্ছিল না, আমি খুশি ছিলাম না। ফুটবল খেলার ইচ্ছাটাই হারিয়ে ফেলেছিলাম।"

তিনি আরও বলেন, "আমার ভাইকে বলেছিলাম, আর পারছি না। শুধু ঘরে থাকতে চাইতাম। ছেলের সঙ্গে খেলার শক্তিও ছিল না। না খেয়ে দিন কাটিয়েছি, নিজেকে ঘরে বন্দি করে রেখেছিলাম। খুব কঠিন সময় ছিল। তবে এখন ঈশ্বরের কৃপায় অনেক ভালো আছি।"

## ৪০ বছর পর্যন্ত খেলতে চাই: সালাহ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

মোহাম্মদ সালাহ চান অন্তত ৩৯ বা ৪০ বছর বয়স পর্যন্ত পেশাদার ফুটবল খেলতে। মিশরের জনপ্রিয় টেলিভিশন চ্যানেল 'অন স্পোর্টস'-কে দেওয়া এক সাক্ষাৎকারে এমনটাই জানিয়েছেন লিভারপুলের এই তারকা ফরোয়ার্ড। তবে এটাও স্পষ্ট করে বলেছেন, যদি আগেই মনে হয় আর চালিয়ে যাওয়া সম্ভব নয়, তাহলে নিজের মনকে শ্রদ্ধা জানিয়ে সরে দাঁড়াবেন।

৩৩ বছর বয়সী সালাহ এ মুহূর্তে দারুণ ফর্মে রয়েছেন। গত মৌসুমে লিভারপুলের হয়ে ২৯ গোল ও ১৮টি অ্যাসিস্ট করে দলকে শিরোপা জয়ে সাহায্য করেছেন। এমন পারফরম্যান্সই তাঁকে আবারও প্রিমিয়ার লিগের বর্ষসেরা খেলোয়াড়ের স্বীকৃতি এনে দিয়েছে। বয়স সত্ত্বেও ফিটনেস ধরে রাখার বিষয়ে ক্রিস্টিয়ানো রোনালদোকে অনুপ্রেরণা হিসেবে মানেন সালাহ। রোনালদো এখনো মাঠে দুর্দান্ত ফর্মে আছেন, যা সালাহকে আত্মবিশ্বাস জোগায় দীর্ঘ ক্যারিয়ার গড়ার জন্য।

সালাহ বলেন, 'খেলা তখনই থামিয়ে দেব যখন মন ডেকে উঠবে। তবে যদি আমার মতামত জানতে চান, তাহলে বলব ৩৯ বা ৪০ বছর পর্যন্ত খেলতে চাই।'

সম্প্রতি লিভারপুলের সঙ্গে দুই বছরের নতুন চুক্তি করেছেন সালাহ। তবে সৌদি ক্লাবগুলোর আগ্রহ এখনো তাকে ঘিরে রয়ে গেছে। সে প্রসঙ্গেও খোলাখুলি কথা বলেছেন এই মিসরীয় তারকা। তিনি বলেন, 'তাদের (সৌদি ক্লাব) সঙ্গে এখনো আমার ভালো সম্পর্ক আছে। সব সময় যোগাযোগ রাখছি। হ্যাঁ, আমরা আলোচনা করছি। জানি না, সামনে কী ঘটবে। তবে লিভারপুলে আমি সুখে আছি। আগামী দুই বছর এখানে থাকব। এরপর দেখব আমার কী করা উচিত।'

## ইয়ামালের দর হাঁকাল বার্সা, তরুণ প্রতিভার মূল্য কত?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



মাত্র ১৭ বছর বয়সেই বার্সেলোনার আক্রমণভাগের প্রধান অস্ত্র হয়ে উঠেছেন লামিন ইয়ামাল। এমন প্রতিভাবান ফুটবলারকে হারানোর ঝুঁকি নিতে চায়নি কাতালান ক্লাবটি। তাই আগেভাগেই ২০৩১ সালের ডিসেম্বর পর্যন্ত চুক্তির মেয়াদ বাড়িয়েছে বার্সেলোনা।

ক্লাব সভাপতি হোয়ান লাপোর্তা ও স্পোর্টিং ডিরেক্টর দেকোর উপস্থিতিতে সম্পন্ন হওয়া এ চুক্তির রিলিজ ক্লজ ধরা হয়েছে ১০০ কোটি ইউরো, যা বাংলাদেশি মুদ্রায় প্রায় ১৩ হাজার ৮৫১ কোটি টাকা। স্প্যানিশ ক্রীড়া দৈনিক মুন্দো দেপোর্তিভো জানিয়েছে, নতুন চুক্তিতে ইয়ামালের বেতনও উল্লেখযোগ্য হারে বাড়ছে। সঙ্গে থাকছে পারফরম্যান্স বোনাসও।

মাত্র ৭ বছর বয়সে বার্সা একাডেমিতে যোগ দিয়েছিলেন ইয়ামাল। ২০২৩ সালে মাত্র ১৫ বছর বয়সেই মূল দলে অভিষেক ঘটে তার। আর ২০২৪-২৫ মৌসুমে রাফিনিয়া ও লেভান্ডোভস্কিকে নিয়ে গড়ে তোলেন বিধ্বংসী আক্রমণত্রয়ী। এ মৌসুমে বার্সাকে লা লিগা, কোপা দেল রে ও স্প্যানিশ সুপার কাপ জেতাতে রেখেছেন বড় অবদান। ৫৫ ম্যাচে করেছেন ১৮ গোল ও করিয়েছেন ২৫টি।

ফুটবল মাঠে সবকিছুতেই নজর কেড়েছেন ইয়ামাল। লা লিগায় সবচেয়ে বেশি ১৬১টি সফল ড্রিবল ও ৫৬টি বড় সুযোগ তৈরি করেছেন এই তরুণ। অনেকেই তাকে আসন্ন ব্যালন ডি অরের অন্যতম দাবিদার হিসেবেও ভাবছেন।

বর্তমানে ১৭ বছর বয়স হলেও আগামী ১৩ জুলাই প্রাপ্তবয়স্ক হবেন ইয়ামাল। সে কারণেই ২০২৩ সালে বার্সা তার সঙ্গে ২০২৬ পর্যন্ত চুক্তি করেছিল। এবার বয়স ১৮ হতে না হতেই আরও দীর্ঘ মেয়াদি চুক্তি করে নিলো কাতালানরা।

শোনা যাচ্ছে, পরবর্তী মৌসুমে বার্সার ঐতিহ্যবাহী ১০ নম্বর জার্সিও উঠতে পারে ইয়ামালের গায়ে। এখন শুধু সময়ের অপেক্ষা—এই বিস্ময়বালক কতটা উঁচুতে পৌঁছান।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR